গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা
(নেজারত শাখা)
www.satkhira.gov.bd

নম্বর : ০৫.৪৪.৮৭০০.০০০.০০৫.১৯.০০০২.২৬- 6৮6

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩ / ২৫ জুন ২০২৬

## নিয়োগ বিজ্ঞপ্তি

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৫.০০.০০০০.০০০.২১২.১১.০০০৭.২৩-৮৯ নম্বর স্মারকে প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে এবং বিভাগীয় বাছাই কমিটি, খুলনার গত ০৮ জুন, ২০২৬ তারিখের ০৫.৪৪.০০০০.০০০.০১২.৫১.০০০৫.২৬.১৬১ নং স্মারক মূলে জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এবং অধীনস্থ উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ এবং সার্কিট হাউজ, সাতক্ষীরা-এর জন্য নিম্নবর্ণিত শূন্য পদসমূহ অস্থায়ী ভিত্তিতে পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট থেকে নিম্নবর্ণিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদন ফরমে অনলাইনে (**https://dcsatkhira.teletalk.com.bd** ওয়েবসাইটে) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্র: | দপ্তরের নাম | পদের নাম | পদের সংখ্যা | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল, ২০১৫) | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|---|
| ১ | জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা ও এর আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহ | অফিস সহায়ক | ০৬ (ছয়) টি | গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; |
| | | নিরাপত্তা প্রহরী | ০১ (এক) টি | গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে; |
| | | পরিচ্ছন্নতাকর্মী | ০১ (এক) টি | গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২ | সার্কিট হাউজ, সাতক্ষীরা | বাবুর্চি | ০১ (এক) টি | গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং (খ) রান্নার কাজে অন্যুন ০৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা; |
| | | সহকারী বাবুর্চি | ০১ (এক) টি | গ্রেড-২০, ৮২৫০-২০০১০/- | |

**আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলি অবশ্যই অনুসরণ/পূরণ করতে হবে:**

১। আবেদন গ্রহণের শেষ তারিখে (২৬ জুলাই, ২০২৬ খ্রিঃ) প্রার্থীর বয়স ন্যূনতম ১৮ বছর এবং সর্বোচ্চ ৩২ বছর হবে। বীর মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানসহ সকল আবেদনকারীর ক্ষেত্রে নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লিখিত আবেদন দাখিলের শেষ সময় পর্যন্ত সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন/বিধি-বিধান অনুযায়ী বয়সসীমা অনুসরণপযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

২। এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্যপদ পূরণে জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০২০ (সংশোধিত ২০২৪) এবং এতদসংক্রান্ত সকল বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে। এছাড়া নিয়োগ সংক্রান্ত বিদ্যমান যাবতীয় সরকারি বিধিবিধান এবং পরবর্তীতে এ সংক্রান্ত কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

৩। সরকারি, আধা সরকারি, স্বায়ত্তশাসিত ও স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে কর্মরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষায় অনাপত্তিপত্র দাখিল করতে হবে।

৪। নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মতে লিখিত ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। কেবল লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় বা প্রাসঙ্গিক টেকনিক্যাল পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন।

৫। চাকরির জন্য আবেদন আগামী ০৬ জুলাই, ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ২৬ জুলাই, ২০২৬ তারিখ বিকাল ৫:০০ টা পর্যন্ত অনলাইনে দাখিল করা যাবে। সরাসরি বা ডাকযোগে কোন দরখাস্ত গ্রহণ করা হবে না। সরাসরি বা ডাকযোগে প্রেরিত সকল আবেদন বাতিল মর্মে গণ্য হবে।

৬। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০২ (দুই) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কাগজপত্রের তালিকা নিম্নরূপ:

ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's Copy);

খ) শিক্ষাগত যোগ্যতার প্রমাণকস্বরূপ সকল মূল/সাময়িক সনদপত্র;

গ) সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;

ঘ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ;

ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সিল দ্বারা প্রদত্ত চারিত্রিক সনদপত্র;

চ) চাকুরীরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্র;

ছ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে আবেদনকারীর পিতা/মাতার নামে সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সনদপত্র/উপযুক্ত প্রমাণপত্র;

জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের জন্য নির্ধারিত কোটায় আবেদনকারীর ক্ষেত্রে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসারে বীর মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্ক উল্লেখপূর্বক ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ অথবা পৌরসভার দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র;

ঝ) তৃতীয় লিঙ্গ, ক্ষুদ্র-নৃগোষ্ঠী ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীর ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র ও কার্ড;

ঞ) লিখিত পরীক্ষার প্রবেশপত্রের সত্যায়িত ফটোকপি;

৭। প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা, ভুল বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে দরখাস্ত/নিয়োগ বাতিল বলে গণ্য হবে এবং সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৮। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও সাতক্ষীরা জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

৯। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক আরোপিত সর্বশেষ শর্তাবলি প্রযোজ্য হবে।

১০। এ নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ পরীক্ষা গ্রহণ কিংবা প্রার্থীত পদে নিয়োগ প্রদান করতে বাধ্য থাকবে না।

১১। প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১২। বিজ্ঞাপনে উল্লিখিত পদ/পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধি/নির্দেশনা অনুযায়ী কোটা নীতি অনুসরণ করা হবে।

১৩। কোটা সম্পর্কিত প্রচলিত/বিদ্যমান সর্বশেষ সরকারি নীতিমালা/পরিপত্র/গেজেট অনুসরণ করা হবে।

১৪। নিয়োগের ব্যাপারে কোন প্রকার সুপারিশ বা তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। আবেদনপত্র গ্রহণ ও বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তির শর্তাবলি পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন/সংযোজন/বিয়োজন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

**১৬। অনলাইন আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও শর্তাবলি:**

**ক.** উল্লিখিত পদে আবেদনে ইচ্ছুক প্রার্থীগণকে **https://dcsatkhira.teletalk.com.bd** এই ওয়েবসাইটে প্রবেশ করে আবেদনপত্র পূরণ করতে হবে। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i. Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ০৬ জুলাই, ২০২৬ খ্রি. সকাল ১০:০০ টা।

ii. আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ২৬ জুলাই, ২০২৬ খ্রি. বিকাল ৫:০০ টা।

iii. উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online -এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে Teletalk Prepaid Mobile এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

**খ.** Online আবেদনপত্রে প্রার্থী তার স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

**গ.** Online আবেদনপত্র পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

**ঘ.** প্রার্থী তার Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন।

**ঙ. SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফি প্রদান:** অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনামতো ছবি (Photo) ও স্বাক্ষর (Signature) Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview কপি দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/সম্পূর্ণ সাদা/ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয়। সুতরাং আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোড পূর্বক নিশ্চিত হয়ে রঙিন কপি প্রিন্ট করে সংরক্ষণ করবেন।

Applicant's Copy তে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid মোবাইল নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে পরীক্ষার ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা এবং টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরৎযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। অনগ্রসর শ্রেণির (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের প্রার্থীগণ) প্রার্থীরা আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬/- (ছয়) টাকাসহ অফেরতযোগ্য মোট ৫৬/- (ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিতে হবে।

এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

প্রথম SMS: DCSATKHIRA<space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCSATKHIRA ABCDEF send to 16222
Reply: Applicant's Name. Tk. (Application fee) will be charged as Application fee. Your PIN is xxxxxxx. To pay fee Type DCSATKHIRA< space>Yes<space>PIN and Send to 16222 .

দ্বিতীয় SMS: DCSATKHIRA<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: DCSATKHIRA Yes 12345678 send to 16222
Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for DCSATKHIRA Application for xxxxxxxx User ID is (ABCDEF) and password (xxxxxxxx)

**চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি** https://dcsatkhira.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষনিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

**ছ. SMS-এ প্রেরিত** User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থানের/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সংবলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থীকে প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করতে হবে।

**জ.** শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

I. User ID জানা থাকলে:
DCSATKHIRA<space>Help<space> User>User ID & Send to 16222
Example: DCSATKHIRA Help User ABCDEF space & Send to 16222

II. PIN Number জানা থাকলে:
DCSATKHIRA<space>Help<space>PIN<space>PIN Number & Send to 16222
Example: DCSATKHIRA Help PIN 12345678 space &Send to 16222

অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজ প্রার্থী নিজে করবে। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

**ঝ.** বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা এর Website: www.satkhira.gov.bd এ দেখা যাবে অথবা রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.satkhira.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

**ঞ.** অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd অথবা dcsatkhira@mopa.gov.bd ই-মেইলে যোগাযোগ করা যাবে। (Mail এর subject Organization Name: Satkhira. Post Name (Application User ID, Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**ট. ডিক্লারেশন:**

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

বি.দ্র: সর্বশেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে যথাসম্ভব পূর্বেই আবেদনপত্র পূরণ ও ফি জমাদান করার জন্য আগ্রহীদের পরামর্শ দেয়া হলো।

২৫.৬.২৬

কাউসার আজিজ
জেলা প্রশাসক
সাতক্ষীরা।
ফোন: ০২-৪৭৭৭৪১০৭১ (অফিস)
ফ্যাক্স: ০২-৪৭৭৭৪১১৪৭ (অফিস)
ই-মেইল: dcsatkhira@mopa.gov.bd

নম্বর : ০৫.৪৪.৮৭০০.০০০.০১১.১১.০০০৩.২৬-৬৮৬

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩ / ২৫ জুন ২০২৬

**সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, খুলনা বিভাগ ও সভাপতি বিভাগীয় নির্বাচনী বোর্ড, খুলনা।
৬. রেঞ্জ ডিআইজি, বাংলাদেশ পুলিশ, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
৭. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
৮. জেলা প্রশাসক (সকল)।
৯. পুলিশ সুপার, সাতক্ষীরা।
১০. উপপরিচালক, স্থানীয় সরকার, সাতক্ষীরা।
১১. সিভিল সার্জন, সাতক্ষীরা।
১২. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(শিক্ষা ও আইসিটি)/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, সাতক্ষীরা।
১৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সাতক্ষীরা।
১৪. নেজারত ডেপুটি কালেক্টর, সাতক্ষীরা।
১৫. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, সাতক্ষীরা।
১৬. উপপরিচালক, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন, আঞ্চলিক কার্যালয়, খালিশপুর, খুলনা ও সদস্য, বিভাগীয় বাছাই কমিটি, খুলনা।
১৭. সহকারী পরিচালক, জেলা জনশক্তি ও কর্মসংস্থান ব্যুরো, সাতক্ষীরা।
১৮. জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ডিএস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক কমার্শিয়াল কমপ্লেক্স, হোল্ডং-৩/৩/৫৫/৭৫, রোড নং- ১৭, গুলশান-১, ঢাকা-১২১২। (তাঁকে নির্ধারিত সময়ে লিংক উন্মুক্ত করার জন্য অনুরোধ করা হলো)।
১৯. জেলা তথ্য অফিসার, সাতক্ষীরা।
২০. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সাতক্ষীরা। (বিজ্ঞপ্তিটি জেলা প্রশাসনের ওয়েবসাইট ও ফেসবুক পেইজে প্রকাশের অনুরোধসহ)।
২১. বিজ্ঞাপন ম্যানেজার, ................................................., সাতক্ষীরা। বিজ্ঞপ্তিটি তাঁর পত্রিকায় আগামী ..........................তারিখের মধ্যে স্বল্প পরিসরে (২৭ ইঞ্চি ৪ কলামে) ভিতরের পাতায় প্রকাশের জন্য অনুরোধে করা হলো।
২২. অফিস কপি।

২৫.৬.২৬

কাউসার আজিজ
জেলা প্রশাসক